# সুনান আদ-দারাকুতনী

## হাদিস নাম্বারঃ ৭৯৫

২. ঋতুস্রাব (كتاب الحيض)

পরিচ্ছেদঃ ১. ইসতিহাযা (রক্তপ্রদরের রোগিণী)

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ مُوسَى بْنِ سَهْلٍ الْبَرْبَهَارِيُّ ، ثَنَا مُحَمَّدُ بْنُ مُعَاوِيَةَ بْنِ مَالِجٍ ، نَا عَلِيُّ بْنُ هَاشِمٍ ، عَنِ الْأَعْمَشِ ، عَنْ حَبِيبٍ ، عَنْ عُرْوَةَ ، عَنْ عَائِشَةَ ، قَالَتْ : أَتَتْ فَاطِمَةُ بِنْتُ أَبِي حُبَيْشٍ النَّبِيَّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ فَقَالَتْ : يَا رَسُولَ اللَّهِ ، إِنِّي اسْتُحِضْتُ فَمَا أَطْهُرُ ؟ فَقَالَ : " ذَرِي الصَّلَاةَ أَيَّامَ حَيْضَتِكِ ، ثُمَّ اغْتَسِلِي وَتَوَضَّئِي عِنْدَ كُلِّ صَلَاةٍ ، وَإِنْ قَطَرَ الدَّمُ عَلَى الْحَصِيرِ " . تَابَعَهُ وَكِيعٌ ، وَالْحَرْبِيُّ ، وَقُرَّةُ بْنُ عِيسَى ، وَمُحَمَّدُ بْنُ رَبِيعَةَ ، وَسَعِيدُ بْنُ مُحَمَّدٍ الْوَرَّاقُ ، وَابْنُ نُمَيْرٍ عَنِ الْأَعْمَشِ ؛ فَرَفَعُوهُ ، وَوَقَفَهُ حَفْصُ بْنُ غِيَاثٍ ، وَأَبُو أُسَامَةَ ، وَأَسْبَاطُ بْنُ مُحَمَّدٍ ، وَهُمْ أَثْبَاتٌ

বাংলা

৭৯৫(৩৩). মুহাম্মাদ ইবনে মূসা ইবনে সাহল আল-বারবাহারী (রহঃ) ... আয়েশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, ফাতেমা বিনতে আবু হুবায়েশ (রাঃ) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এসে বললেন, ইয়া রাসূলাল্লাহ! আমি সর্বদা রক্তপ্রদরে আক্রান্ত থাকি, কখনও পাক হতে পারি না। তিনি বলেন, তুমি তোমার মাসিক ঋতুর কয়দিন নামায ছেড়ে দিবে। তারপর তুমি গোসল করবে এবং প্রতি ওয়াক্ত নামাযের সময় উযু করবে, নামাযের পাটির উপর রক্তের ফোটা পতিত হলেও (নামায পড়বে)।

ওয়াকী', আল-হারাবী, কুররা ইবনে ঈসা, মুহাম্মাদ ইবনে রাবীয়া, সাঈদ ইবনে মুহাম্মাদ আল-ওয়াররাক, ইবনে নুমাইর ও আল-আ'মাশ (রহঃ) থেকে তার অনুকরণ করেন এবং তারা এই হাদীস মারফুরূপে বর্ণনা করেন। এই হাদীস হাফ্স ইবনে গিয়াস, আবু উসামা ও আসবাত ইবনে মুহাম্মাদ (রহঃ) মাওকুফরূপে বর্ণনা করেছেন এবং তারা সবাই নির্ভরযোগ্য।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80584

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন